

মধুর মধুর ধ্বনি বাজে

হৃদয়কমলবনমাঝে ॥

নিভৃতবাসিনী বীণাপাণি অমৃতমুরতিমতী বাণী

হিরণকিরণ ছবিখানি— পরানের কোথা সে বিরাজে ॥

মধুঋতু জাগে দিবানিশি পিককুহরিত দিশি দিশি ।

মানসমধুপ পদতলে মুরছি পড়িছে পরিমলে ।

এসো দেবী, এসো এ আলোকে, একবার তোরে হেরি চোখে—

গোপনে থেকে না মনোলোকে ছায়াময় মায়াময় সাজে ॥

Parjaay: Natya-geeti, Taal: Kaharwa, Raag: Iman Bhupali

Visit www.geetabitan.com for notation and other detail